গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩.৪৪ তারিখ: ১৭-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন ছিলিমপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭।১০।২০২৩
(ইশরাত জামান)
যুগ্মসচিব
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪. ফাহমীন খালেক নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

**টাঙ্গাইল সদর উপজেলাধীন ছিলিমপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিদর্শন প্রতিবেদনঃ**

| | |
|---|---|
| **ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম** | : ছিলিমপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। |
| **উপজেলার নাম** | : টাঙ্গাইল সদর। |
| **জেলার নাম** | : টাঙ্গাইল। |
| **পরিদর্শনের তারিখ** | : গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখ। |
| **কর্মরত ও শূন্য জনবলের তথ্য** | : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১জন, ফার্মাসিস্ট ০১জন; পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১জন; পরিবার পরিকল্পনা পরিদর্শক ০১জন; আয়া ০১জন; অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরীর পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। |

ছিলিমপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি খুবই জরাজীর্ণ। ২০১৯ সালে কেন্দ্রটি পরিত্যাক্ত ঘোষণা করা হয়েছে। ২০/২৫ জন সেবা প্রত্যাশি অপেক্ষমান ছিল। কেন্দ্রটিতে প্রতিদিন ৩০/৪০ জন সাধারণ রোগী, ১৫/২০ জন কিশোর কিশোরী, ২০/২৫ জন শিশু সেবা, ৪/৫ জন গর্ভকালীন সেবা নিতে আসে। সেবার মান সন্তোষজনক।

**আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয়ে থাকলে তার বিবরণ (স্টক রেজিস্ট্রারসহ অন্যান্য ):** ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরাসরি অর্থ বরাদ্দ এবং খরচে কোন সুযোগ নাই বিধায় সেখানে আর্থিক অনিয়ম পরিলক্ষিত হয় নাই। সাধারণ রোগি রেজিস্ট্রার, গর্ভবতী রেজিস্ট্রার, শিশু সেবাদানের রেজিস্ট্রার, কিশোর-কিশোরী পরিচর্যা রেজিস্ট্রার, ইডিডি রেজিস্ট্রার যথাযথ ছিল।

**প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা:** উক্ত কেন্দ্রটি জরাজীর্ণ হওয়ায় ২০১৯ সালে নির্ধারিত কমিটির মাধ্যমে পরিত্যাক্ত ঘোষণা করা হয়। কেন্দ্রটি একতলা টিনসেড ভবন। দেয়াল চুন-সুর্কি খোসে পড়ছে। বৃষ্টি হলে ছাদ দিয়ে পানি পড়ে। মেঝে সেঁতসেঁতে ও দেয়ালে শেওলা পড়ে গেছে। কেন্দ্রটির সন্মুখভাগ নিচু। একটু বৃষ্টি হলেই পানি জমে। প্রতিটি রাস্তাই ড্যাম হয়ে গেছে। সীমানা প্রাচীর নাই। কেন্দ্রের ভিতর এবং বাহিরের পরিস্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক। সীমানা প্রাচির নেই। সীমানার ভিতর থেকে মাটি কেটে নেয়া হয়েছে।

**প্রাতিষ্ঠানিক ভৌত অবকাঠামো :** কেন্দ্রের পাশ দিয়ে গ্রামীণ পাকা রাস্তা রয়েছে । তবে উক্ত পাকা রাস্তা হতে ২০০মিটার কাচা রাস্তা হয়ে উক্ত কেন্দ্রে প্রবেশ করতে হয়। উক্ত রাস্তা পাকা হলে গর্ভবতী মাসহ অন্যান্য সাধারণ রোগিদের জন্য ভাল হয়।

**পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য**

**প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের অবস্থা :** উক্ত কেন্দ্রে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক এর জন্য ০৩টি নতুন টেবিল ও ০৩টি নতুন আলমিরা প্রয়োজন। কেন্দ্রটি ড্যাম হওয়ায় আসবাবপত্র গুলো নষ্ট হয়ে যাচ্ছে।

**অন্যান্য সমস্যা/ চাহিদা:** কেন্দ্রে পানির সরবরাহের ব্যবস্থা নাই। পাশ্ববর্তী বাড়ি হতে বালতি করে পানি সেবা কেন্দ্রে আনা হয়। ওয়াশ রুমে কোন পানির ব্যবস্থা নাই। সেবা গ্রহণকারী ও প্রদানকারী উভয়েরই সমস্যা হচ্ছে। সেবা কেন্দ্রটি ড্যাম হওয়ায় ইলেক্ট্রিসিটি লাইনের সমস্যা। বৈদ্যুতিক পাখা, লাইট নষ্ট হয়ে যায় (সর্ট সার্কিট)। প্রায়ই উপর হতে চুন, সুরকি খুলে পড়ে।

**সুপারিশ :** কেন্দ্রটি ২০১৯ সালে পরিত্যক্ত ঘোষণা হলেও এখন পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি। অনতিবিলম্বে সেবা কেন্দ্রটির নতুন ভবনসহ বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রয়োজন। পানির জন্য আপাতত একটি টিউবয়েল প্রয়োজন। এখানে নতুন ভবন সাথে কোয়ার্টার নির্মাণ হলে সেবা প্রদানকারীরা বসবাস করে সেবা প্রদান করতে পারবে।

আসবাবপত্র সরবরাহ প্রয়োজন। সর্বশেষ ২০১২ সালে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে আসবাবপত্রের সরবরাহ পাওয়া গেছে। যার অধিকাংশই নষ্ট হবার পথে। নতুন ভবন নির্মাণের এর বিষয়ে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

২৭/১০/২০২৬

(ইশরাত জামান)
যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।